Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নম্বর-০৩

তারিখ: ২০ পৌষ ১৪২৭
০৪ জানুয়ারি ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**"আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬" পরিপালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নম্বর-০৬ তারিখ: ০৫ মার্চ ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার লেটার এর মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩/০৮/২০১৬ তারিখের "আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬" এর নির্দেশনা পরিপালন করে শাখা ও অন্যান্য ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা বিধানকল্পে নিরাপত্তা প্রহরী নিয়োজিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। উল্লিখিত নীতিমালার অনুচ্ছেদ ২৫(ঘ) মোতাবেক আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী ব্যক্তি বা ব্যক্তিবর্গকে ব্যাংক শাখা ও অন্যান্য ব্যবসা কেন্দ্রের অস্ত্রধারী প্রহরী হিসেবে নিয়োজিত করা যাবে না মর্মে শর্ত আরোপ করা হয়েছে। কিন্তু কোন কোন ব্যাংক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উক্ত নীতিমালার নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে নিরাপত্তা প্রহরী নিয়োগ করছে মর্মে বিভিন্ন মাধ্যমে জানা যাচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এক্ষণে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের "আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬" এর অনুচ্ছেদ ২৫(ঘ) অনুসরণপূর্বক আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী ব্যক্তি বা ব্যক্তিবর্গকে ব্যাংক শাখা ও অন্যান্য ব্যবসা কেন্দ্রের অস্ত্রধারী প্রহরী হিসেবে নিয়োজিত করা থেকে বিরত থাকা এবং উক্ত নীতিমালায় বর্ণিত অন্যান্য প্রযোজ্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্যও নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২